

মহেশখালীতে পাহাড় ধসে প্রাণ হারাল শিশু

প্রতিনিধি মহেশখালী, কক্সবাজার



কক্সবাজারের মহেশখালী উপজেলার উত্তরনলবিলা এলাকায় পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণ বসতঘর। শুক্রবার দুপুরে ওই এলাকা পরিদর্শন করে ঘর সরিয়ে নেওয়ার নির্দেশ দেন ইউএনও মাহফুজুর রহমান | ছবি : প্রথম আলো

কক্সবাজারের মহেশখালী উপজেলায় পাহাড় ধসে পড়ে সুমাইয়া বেগম নামের আড়াই বছরের এক শিশু নিহত হয়েছে। রোববার সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে উপজেলার কালারমারছড়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের অফিসপাড়ায় এ দুর্ঘটনাটি ঘটে। সুমাইয়া বেগম ওই এলাকার মোহাম্মদ টিপু মেয়ে।

সুমাইয়ার পারিবারিক সূত্র জানায়, রোববার সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে খেলাধুলা করার জন্য আড়াই বছরের শিশুকন্যা সুমাইয়া বেগম বাড়ি থেকে বের হয়। বাড়ির উঠানের একপাশে খেলার সময় হঠাৎ পাহাড় ধসে পড়লে সুমাইয়া মাটির স্তূপের নিচে চাপা পড়ে যায়। পরে বাড়ির লোকজন মাটি সরিয়ে সুমাইয়াকে মৃত অবস্থায় উদ্ধার করে।

কালারমারছড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তারেক বিন ওচমান শরীফ প্রথম আলোকে বলেন, শুক্রবার থেকে দফায় দফায় ভারী বৃষ্টি হচ্ছে। এতে পাহাড়ধসের আশঙ্কায় পাহাড়ের পাদদেশ থেকে নিরাপদে সরিয়ে যেতে দুই দিন ধরে পরিষদের পক্ষ থেকে এলাকায় মাইকিং করা হচ্ছে। এরপরও পাহাড়ের পাদদেশ থেকে লোকজন সরছেন না।

ইউপি চেয়ারম্যান তারেক বিন ওচমান শরীফ আরও বলেন, পাহাড়ের পাদদেশে মোহাম্মদ টিপু তার পরিবার নিয়ে ঝুঁকি নিয়ে বসবাস করছেন। রোববার সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে টিপুর আড়াই বছরের সুমাইয়া বেগম খেলাধুলা করার জন্য বাড়ি থেকে বের হয়। পরে ওঠানে খেলাধুলা করার সময় হঠাৎ ওপর থেকে পাহাড় থেকে ধসে মাটির নিচে চাপা পড়ে সে মারা যায়। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

জানতে চাইলে মহেশখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মাহফুজুর রহমান বলেন, পাহাড় ধসে পড়ে সুমাইয়া বেগমের নামের এক শিশু মারা গেছে। তাই প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহযোগিতা দেওয়া হবে।

[Sign in](#)

Newest ▼

[Share](#)

Share your thoughts...

This site is protected by reCAPTCHA and the Google [Privacy Policy](#) and [Terms of Service](#) apply.

POST

 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২১ প্রথম আলো